## আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) কেন্দ্রীয় সরকারের উত্তর-পূর্বাঞ্চলে শান্তি প্রতিষ্ঠার জন্য গ্রহণ করা প্রয়াসের ফলে অঞ্চলটিতে উন্নয়নের গতি ত্বরান্বিত হয়েছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের ত্রিপুরাতে মন্তব্য ।

২) রাজ্যের আগামী বছরের মাধ্যমিক পরীক্ষার্থীদের আভ্যন্তরীণ মূল্যায়নের নম্বর অর্ন্তভুক্তির জন্য আগামী ২৩ থেকে ২৮শে ডিসেম্বর পর্যন্ত ‘মার্কস এন্ট্রি’ নামে বিশেষ পোর্টাল চালু/ আগামী বছরের উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষের পরীক্ষা আগামী ফেব্রুয়ারি অথবা মার্চ মাসে আয়োজনের কথা/

৩)গৌহাটী হাইকোর্টের নির্দেশ অনুসারে আগামী ১৯ জানুয়ারী রাজ্যের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের টেট তথা নিযুক্তি পরীক্ষা/

এবং

(৪) প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনার আওতায় আগামীকাল এবং আগামী ২৮শে ডিসেম্বর রেশন কার্ড বিতরণের অঙ্গ হিসেবে আগামীকাল কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রে সুবিধা প্রাপকদের মধ্যে রেশন কার্ড বিতরণ/

---

কেন্দ্রীয় সরকারের উত্তরপূর্বাঞ্চলের শান্তি প্রতিষ্ঠার জন্য গ্রহণ করা প্রয়াসের ফলে অঞ্চলটির উন্নয়নের গতি ত্বরান্বিত হয়েছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ মন্তব্য

করেছেন ।আজ আগরতলায় অনুষ্ঠিত উত্তরপূর্ব পর্ষদের ৭২ তম পূর্ণাঙ্গ বৈঠকে অধ্যক্ষতা করে স্বরাষ্ট্র মন্ত্রী একথা বলেন ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে উত্তরপূর্বের উন্নয়নের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে বলে তিনি জানান । গত ১০ বছরে এই অঞ্চলটির সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে বিশেষভাবে তাৎপর্যপূর্ণ বলে উল্লেখ করে শ্রী শাহ বলেন যে কেন্দ্র সরকার বিনিয়োগকারীদের উত্তরপূর্বে বিনিয়োগ করতে অনুপ্রাণিত করেছে ।উত্তরপূর্বাঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন দেশের অন্যান্য অঞ্চল সমুহের সমতূল্য করা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের মূল উদ্দেশ্যগুলোর মধ্যে অন্যতম বলে শ্রী শাহ মন্তব্য করেন ।
বৈঠকে অংশগ্রহণ করে উত্তরপূর্ব উন্নয়ন দপ্তরের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেন যে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ অঞ্চলটির উগ্রপন্থী সমস্যা হ্রাস পাওয়ার ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করেছেন ।শ্রী সিন্ধিয়া বলেন অঞ্চলটির উগ্রপন্থী সমস্যা পূর্বের তুলনায় ৭১ শতাংশ হ্রাস পেয়েছে এবং এধরণের কার্যকলাপে মৃত্যুর সংখ্যাও ৬০ শতাংশ হ্রাস পেয়েছে ।

---

আজ বিশ্ব ধ্যান দিবস । জনসাধারণের শান্তি ও কল্যাণের উদ্দেশ্যে তাদের মানসিক উৎকর্ষ সাধনের পাশাপাশি সুস্বাস্থ্য বজায় রাখার প্রতি উৎসাহিত করার লক্ষ্যে সমগ্র বিশ্বে প্রথমবারের জন্যে এই দিবস পালন করা হয়েছে । ধ্যানের মাধ্যমে মানসিক চাপ, হিংসা, সামাজিক অসন্তুষ্টি ইত্যাদি সহ সাম্প্রতিক সময়ে বিশ্বজুড়ে থাকা বিভিন্ন প্রত্যাহ্বান সমূহ সমাধান করা যায় বলে ভাবা হয় । সাম্প্রতিক সময়ে রাষ্ট্রসংঘের সাধারণ সভায় ভারতের সহযোগিতায় আজকের দিনটিকে বিশ্ব ধ্যান দিবস হিসেবে পালন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় । এই দিবস উপলক্ষে আজ ভারতের স্থায়ী মিশনে নিউইয়র্কে থাকা রাষ্ট্রসংঘের মুখ্য কার্যালয়ে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিশ্ব ধ্যান দিবস উপলক্ষে দেশবাসীকে ধ্যানকে জীবনের অঙ্গ করে নেওয়ার আহ্বান জানান । শ্রী মোদী বলেন যে- কোনো ব্যক্তির জীবনের সঙ্গে সমাজ তথা সমগ্র বিশ্বের জন্যে শান্তি ও কল্যাণের পথ খুলে দেওয়ার ক্ষেত্রে ধ্যান হচ্ছে একটি শক্তিশালী পথ । বিজ্ঞান প্রযুক্তির এই যুগে দৈনন্দিন জীবনে ধ্যান বিশেসভাবে সহায়তা করতে পারে বলে প্রধানমন্ত্রী প্রকাশ করেন ।

---

মাধ্যমিক পরীক্ষা-২০২৫এর আভ্যন্তরীণ মূল্যায়নের নম্বর অর্ন্তভুক্তির জন্য আগামী ২৩শে ডিসেম্বর থেকে ২৮শে ডিসেম্বর পর্যন্ত ‘মার্কস এন্ট্রি’ নামে একটি বিশেষ পোর্টাল খোলা হবে । এই সম্পর্কে আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদের জারি করা নির্দেশনা

অনুসারে নির্ধারিত সময়সীমার মধ্যে বিদ্যালয়গুলিকে মাধ্যমিক পরীক্ষার প্রত্যেক পরীক্ষার্থীর প্রতিটি বিষয়ের শুধুমাত্র আভ্যন্তরীন মূল্যায়নের নম্বর পোর্টালে অর্ন্তভুক্ত করতে হবে । এদিকে অফলাইনে কোনো নম্বর গ্রহণ করা হবেনা বলেও পর্ষদের নির্দেশনায় স্পষ্ট করে দেওয়া হয়েছে । এছাড়া আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের উচ্চমাধ্যমিক প্রথম বর্ষের পরীক্ষা আগামী ফেব্রুয়ারি অথবা মার্চ মাসে আয়োজন করার কথা ঘোষণা করা হয়েছে । এই পরীক্ষার জন্য আগামী ২৬শে ডিসেম্বর থেকে ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত অনলাইনে ফর্ম জমা দেওয়ার দিন ধার্য করা হয়েছে । একইসঙ্গে পর্ষদ এই বিষয়টি সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের জানাতে শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রধানদের নির্দেশ দিয়েছে । একইসঙ্গে এই নির্দেশনায় পরীক্ষার মাশুল আদায়ের চালান সহ অন্যান্য তথ্য আগামী বছরের ৩১শে জানুয়ারির মধ্যে বিদ্যালয় শিক্ষা পর্ষদের কার্যালয়ে পাঠাতে শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষক পদের জন্য টেট তথা নিযুক্তি পরীক্ষা আগামী ১৯শে জানুয়ারি অনুষ্ঠিত হবে। গৌহাটি হাইকোর্ট পূর্বে আগামী ২৯শে ডিসেম্বর স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষক নিযুক্তির জন্য অনুষ্ঠেয় টেট তথা শিক্ষক নিযুক্তি পরীক্ষা পিছিয়ে দেওয়ার জন্য শিক্ষাবিভাগকে নির্দেশ দেওয়ার পরই আজ এই নির্দেশ দেওয়া হয়েছে ।

এদিকে আসাম সরকারের মাধ্যমিক শিক্ষা সঞ্চালকালয়ের ওয়েবসাইট madhyamik.assam.gov.in এর মাধ্যমে প্রবেশপত্র সমূহ পুনরায় ডাউনলোড করা যাবে । উল্লেখ্য- আগামী ২৯শে ডিসেম্বর এই পরীক্ষা হওয়ার কথা থাকলেও পরীক্ষার পাঠ্যসূচী পরিবর্তন করাকে নিয়ে ৬২ জন প্রার্থী গৌহাটি হাইকোর্টে একটি রিট পিটিশন দাখিল করেছিলেন । এই আবেদনের শুনানি গ্রহণ করে গতকাল গৌহাটি হাইকোর্টের বিচারপতি মনীষ চৌধুরীর একজনের বিচারপীঠ এই সম্পর্কে নির্দেশ প্রদান করে । মামলাকারীদের পক্ষে প্রবীণ আইনজীবি শান্তনু বরঠাকুর যুক্তি দেখিয়ে বলেন যে- একটি খেলা আরম্ভ করে তারপর এর নিয়ম পরিবর্তন করা কোনোভাবেই যুক্তিসঙ্গত নয় । উল্লেখ্য- শিক্ষা বিভাগ গত পাঁচ ডিসেম্বর অঙ্ক বিষয়টিকে নতুন করে পরীক্ষার পাঠ্যসূচীতে অর্ন্তভুক্ত করে । মামলাকারীদের পক্ষের আইনজীবির এই যুক্তি মেনে নিয়ে আদালত পরীক্ষার তারিখ কমপক্ষে আরো ১৫ দিন পিছিয়ে দেওয়ার জন্য শিক্ষা বিভাগকে নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যে আসা দেশী-বিদেশী পর্যটকদের সুবিধার্থে পর্যটক গৃহ বা হোম স্টে সমূহের গুণগতমান বৃদ্ধি করার জন্য পর্যটন বিভাগকে বিহিত ব্যাবস্থা গ্রহণ করতে বিভাগীয় মন্ত্রী রঞ্জিত কুমার দাস নির্দেশ দিয়েছেন । এছাড়া পর্যটন ক্ষেত্রে বর্তমানে রূপায়ন করা নানা প্রকল্পের কাজ বিভিন্ন সময়ে সম্পূর্ণ করার জন্যও তিনি নির্দেশ দেন । মন্ত্রী আজ দায়িত্ব গ্রহণ করার পর প্রথমবারের মতো বিভাগের অধীন পর্যটন সঞ্চালকালয় ও আসাম পর্যটন উন্নয়ন নিগমের দ্বারা রূপায়িত প্রকল্পগুলির কাজকর্মের পর্যালোচনা করেন । তিনি বিভাগীয় আধিকারিকদের অধিক সংখ্যক পর্যটককে আকর্ষিত করতে কাজ করে যাবার আহ্বান জানান । আজ পর্যটন সঞ্চালকালয়ে এই বৈঠকের পর মন্ত্রী পর্যটন সঞ্চালকালয় পরিদর্শন করা ছাড়াও আসাম পর্যটন উন্নয়ন নিগমের কার্যালয় পরিদর্শন করেন ।

---------------------------------------------------------------------------------------

বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র কাজিরাঙ্গা জাতীয় উদ্যানে আগামী জানুয়ারী মাসে পাখী গণণা করা হবে । স্থায়ী জলচর ও পরিযায়ী পাখীর বিষয়ে তথ্য সংগ্রহ করার উদ্দেশ্যে প্রতি বছর এই গণনা করা হয় । বর্তমানে কাজিরাঙ্গার নদী ,বিল ,জলাশয়গুলিতে পরিযায়ী পাখীদের ভীড় পরিলক্ষিত হয়েছে । উদ্যানের বন সংমন্ডল আধিকারিক অরুণ ভিগনেশ আসন্ন গণনায় নতুন পাখীর তথ্য পাওয়া যাবে বলে আশা প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

জাতীয় খাদ্য সুরক্ষা আইন ২০১৩'র অধীনে প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনার হিতাধিকারীদের আগামীকাল ও আগামী ২৮ শে ডিসেম্বর নতুন রেশনকার্ড বিতরণ করা হবে ।নতুনকরে রেশনকার্ড প্রাপ্ত প্রতিটি পরিবার ২০২৫ সালের জানুয়ারী মাস থেকে প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনার অধীনে বিনামূল্যে চাল পাবে ।হিতাধিকারীরা অন্নসেবা দিনগুলোতে নিজেদের নাম পঞ্জীভূক্ত সুলভ মূল্যের দোকান থেকে চাল সংগ্রহ করতে পারবে । অধিক তথ্যের জন্য ১৮০০-৩৪৫-৩৬১১ টোলফ্রী নম্বরে যোগাযোগ করা যাবে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রে আগামী কাল থেকে হিতাধিকারীদের মধ্যে নতুন রেশন কার্ড বিতরন করা হবে । জেলার খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগ থেকে জানানো হয়েছে যে শিলচর বিধানসভা আসনের হিতাধিকারীদের সকাল ১১টায় গান্ধীমেলার মাঠে , লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের ফুলেরতলের লক্ষীপুর খন্ড উন্নয়ন কমপ্লেক্সে , উধারবন্দ বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের ডি এন এইচ এস স্কুলের খেলার মাঠে , বড়খলা বিধানসভা কেন্দ্রের ডলু এইচ এস স্কুলের খেলার মাঠে ,

সোনাই বিধানসভা কেন্দ্রের মইনুল হক চৌধুরী স্মৃতি মুক্ত মঞ্চে , কাটিগড়া বিধানসভা কেন্দ্রের লক্ষীপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে এবং ধলাই বিধানসভা কেন্দ্রের হিতাধিকারীদের শ্যামাপ্রসাদ মূর্খাজী মুক্তমঞ্চে নতুন রেশন কার্ড প্রদান করা হবে । অনুষ্ঠানগুলিতে সংশ্লিষ্ট হিতাধিকারীদের উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য ব্যালট বাক্সের মেরামত ও গ্রীসিং কাজ করার জন্য ব্যাক্তিগত ফার্ম ও বিক্রেতাদের কাছ থেকে বিভিন্ন শর্তাবলীর ভিত্তিতে সিল করা দরপত্র আহ্বান করা হয়েছে । এই দরপত্র আগামী ২৩ শে ডিসেম্বর বিকেল তিনটার মধ্যে কাছাড়ের জেলা উন্নয়ন ভবনে জমা দেওয়া যাবে । বিস্তারিত বিবরন ওই কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলার গৃহরক্ষী বাহিনীর জেলা কমাড্যান্ট এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে কাছাড় , শ্রীভূমি এবং হাইলাকন্দি জেলার হোমগার্ড স্বেচ্ছাসেবকদের মূল্যায়ন বোর্ড পরিচালিত হবে । আগামী ২৬ শে ডিসেম্বর  শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার হোমগার্ড স্বেচ্ছাসেবকদের এবং ২৭ শে ডিসেম্বর কাছাড়ের হোমগার্ড স্বেচ্ছাসেবকদের উধারবন্দের দয়াপুর ডিটিসি হোমগার্ড প্রাঙ্গণে সকাল আটটা থেকে বিকেল তিনটা পর্যন্ত এই মূল্যায়ন বোর্ড পরিচালিত হবে । সংশ্লিষ্ট হোমগার্ড স্বেচ্ছাসেবকদের প্যান কার্ড , আধার কার্ড , ক্যারেক্টার সার্টিফিকেট ইত্যাদি সহ নির্বাচন কমিটির সামনে উপস্থিত হতে নির্দেশ দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শহীদ কনকলতা জন্ম শতবর্ষ উদযাপন সমিতির কাছাড় জেলা কমিটির উদ্যোগে শহীদ কনকলতার জন্ম শতবর্ষ পূর্তী উপলক্ষে আগামীকাল এক বাইক র‍্যালির আয়োজন করা হয়েছে । এই বাইক র‍্যালি শিলচর থেকে শহীদ কনকলতার জন্মস্থান গহপুর হয়ে পুনরায় শিলচর ফিরে আসবে ।বাইক র‍্যালি আগামীকাল সকাল সাতটায় শিলচর ক্ষুদিরাম মূর্তীর পাদদেশ থেকে শুরু হবে ।আজ শিলচর পেনশনার্স ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে কমিটির সম্পাদিকা দুলালী গাঙ্গুলী একথা জানান ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় সুশাসন সপ্তাহ পালনের অঙ্গ হিসেবে জেলা প্রশাসনের উদ্যোগে দুটি রাজস্ব আদালত অনুষ্ঠিত হবে ।আগামী সোমবার রাঙ্গাউটি গাঁওপঞ্চায়েত কার্যালয়ে এবং আগামী মঙ্গলবার বাঁশডহর গাঁওপঞ্চায়েত কার্যালয়ে রাজস্ব আদালত অনুষ্ঠিত হবে

।জেলার তহশিলদার জমির পাট্টাদারদের সংশ্লিষ্ট রাজস্ব আদালতে জমির খাজনা জমা দেওয়ার আবেদন জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলার তিনটি শিক্ষা খন্ডের ছাত্রীদের আত্মরক্ষার জন্য বিশেষ প্রশিক্ষণ আরম্ভ হয়েছে । হাই ও হায়ার সেকেন্ডারী স্কুলের পর এখন মধ্য ইংরাজী বিদ্যালয়গুলিতেও এই বিশেষ আত্মরক্ষা প্রশিক্ষণ আরম্ভ করা হয়েছে । হাইলাকান্দি জেলার মোট ৩১৫ টি বিদ্যালয়ে এই বিশেষ প্রশিক্ষণ আরম্ভ করা হয়েছে । এই প্রশিক্ষণের ফলে ছাত্রীদের আত্মবিশ্বাস বৃদ্ধি সহ বিদ্যালয়ে না আসা ছাত্রীদের সংখ্যাও হ্রাস পেয়েছে । প্রশিক্ষকরা জানিয়েছেন যে আত্মরক্ষার এই প্রশিক্ষণ চা বাগান অঞ্চলের ছাত্রীদের আত্মবিশ্বাসী করার ফলে বাল্যবিবাহ বন্ধ হয়েছে এবং ছাত্রীদের সম্মুখীন হওয়া ইভটিজিংয়ের সমস্যাও উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে ।

---